গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে অনিষ্পন্ন বিষয়গুলো ফেইস টু ফেইস নিষ্পন্নকরণ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২২ নভেম্বর ২০২১
সময় : সকাল ১২:৩০ ঘটিকা
স্থান : মাল্টিপারপাস হল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

**আলোচ্য বিষয়:**

১। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত চিঠিপত্রের জবাব সংক্রান্ত পেন্ডিং পর্যালোচনা;
২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন শাখা/মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরের চিঠিপত্রের জবাব সংক্রান্ত পেন্ডিং পর্যালোচনা;
৩। বিবিধ।

(সভার উপস্থিতি পরিশিষ্ট-ক)

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ, উপপরিচালকবৃন্দ এবং শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় জুমে বিভাগীয় উপপরিচালকগণ (জুম লিংক আইডি নং- 4016395771), যুক্ত ছিলেন। সভায় মাঠ পর্যায়ের এবং অধিদপ্তর ও মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়গুলো আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত চিঠিপত্রের জবাব সংক্রান্ত পেন্ডিং পর্যালোচনা। | বিগত অক্টোবর ২০২১ মাসে মন্ত্রণালয়ের নিকট প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে যে সকল পত্র প্রেরণ করা হয়েছে তার মধ্যে ৭১টি পত্রের বিষয়ে নির্দেশনা পাওয়া যায়নি। ৭১টি পত্রের মধ্যে প্রশাসন বিভাগ থেকে প্রেরিত পেন্ডিং পত্রের সংখ্যা ৫৮টি। বেশির ভাগ পত্র তদন্ত ও শৃঙ্খলা শাখা সংশ্লিষ্ট। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর নিকট যে সব পত্রের জবাব/ নির্দেশনা পাওয়া যায়নি সে বিষয়গুলো বিভাগের দায়িত্বপ্রাপ্ত পরিচালকগণ/সংশ্লিষ্ট কর্মকর্তা ফলোআপ করতে পারেন মর্মে সভায় আলোচনা করা হয়। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর নিকট যে সব পত্রের জবাব/ নির্দেশনা পাওয়া যায়নি সে বিষয়গুলো বিভাগের দায়িত্বপ্রাপ্ত পরিচালকগণ ফলোআপ করবেন এবং নিষ্পত্তির উদ্যোগ নিবেন।<br>বাস্তবায়ন: পরিচালক (সকল) |
| ২ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন শাখা/মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরের চিঠি পত্রের জবাব সংক্রান্ত পেন্ডিং পর্যালোচনা। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পত্রের আলোকে অধিদপ্তর পর্যায়ের মোট পেন্ডিং এর সংখ্যা ৭২টি। এর মধ্যে প্রশাসন শাখায় এক মাসের অধিক পেন্ডিং এর সংখ্যা ৩৫টি, পরিকল্পনা ও উন্নয়ন শাখার ৯টি এবং পলিসি ও অপারেশন বিভাগে ২৭টি অন্যান্য শাখায় ১/২টি। অধিক সংখ্যক পেন্ডিং এর কারণে পরিচালক (প্রশাসন) জানান যে, তালিকা মোতাবেক (তদন্ত ও শৃঙ্খলা) শাখার তদন্ত কার্যক্রম যথাসময়ে কর্মকর্তাগণ কর্তৃক সম্পন্ন না হওয়ায় অনেকগুলি বিষয় নিষ্পত্তি করা সম্ভব হয়নি। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ৩ মাসের অধিক যে সমস্ত তদন্ত কর্মকর্তা প্রতিবেদন জমা দেননি তাদের কৈফিয়ত তলব করার জন্য পরিচালক (প্রশাসন) কে নির্দেশনা প্রদান করেন। সেক্ষেত্রে জবাব সন্তোষজনক না হলে পরবর্তীতে বিভাগীয় ব্যবস্থা গৃহীত হবে মর্মে কর্মকর্তাদের অবহিত করেন। অন্যান্য শাখার পেন্ডিংগুলো ও দ্রুত নিষ্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। মাঠ পর্যায়ের পেন্ডিং চিঠিপত্র দ্রুত নিষ্পন্নের জন্য বিভাগীয় উপপরিচালকগণ, মহাপরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন। বিভাগীয় উপপরিচালক, খুলনা জানান যে, শিক্ষকগণের মধ্যে অনেকেই প্রধান শিক্ষকের (চ: দা) পালন করছেন। এসব | (ক) যে সকল কর্মকর্তা তাদের তদন্ত কাজ সম্পন্ন /তদন্ত প্রতিবেদন করেননি তাদের কাছে তদন্ত না করার কারণ ব্যাখ্যা চেয়ে পত্র প্রদান করতে হবে।<br>বাস্তবায়ন: (তদন্ত ও শৃঙ্খলা শাখা) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।<br><br>(খ) চলতি দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষকগণের মামলা মূলপদ সহকারী শিক্ষক ধরে নিষ্পন্ন করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (পলিসি ও অপারেশন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | চলতি দায়িত্বপ্রাপ্ত সহকারী শিক্ষকগণের বিভাগীয় মামলা প্রধান শিক্ষক না সহকারী শিক্ষক হিসেবে গণ্য করা হবে সে বিষয়ে নির্দেশনা চাওয়া হলেও অদ্যাবধি কোন নির্দেশনা পাওয়া যায়নি। এ বিষয়ে মহাপরিচালক জানান যে, চলতি দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ দায়িত্বপ্রাপ্ত পদে পদোন্নতি না হওয়া পর্যন্ত মূলপদ অর্থাৎ যে পদ থেকে চলতি দায়িত্ব পেয়েছেন সেই পদ বিবেচনা করে বিভাগীয় মামলা দায়েরের ব্যবস্থা নিতে হবে। শিক্ষকগণের ক্ষেত্রে অবশ্যই মূল পদ অর্থাৎ সহকারী শিক্ষক বিবেচনা করে ব্যবস্থা নিতে হবে মর্মে সভায় আলোচনা করেন। পরিচালক (পলিসি ও অপারেশন) এ সংক্রান্ত একটি পত্র জারি করবেন মর্মে সভায় আলোচনা করা হয়। | |

৩। বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

২৩/১১/২০২১

আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ০২-৫৫০৭৪৭৭৭
ই-মেইল নং-dgprimarybd@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২১ (পার্ট-২)- ২৫৯

তারিখ: ১৫ অগ্রহায়ণ, ১৪২৮
২৩ নভেম্বর, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিডিইপি-৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। (দৃ: আ: সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট, ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার জন্য)।
৪। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী /খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্রগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
৫। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। জনাব -------------------------------------- ,পেন্ডিং বিষয়ক ফোকাল কর্মকর্তা (সকল) বিভাগ।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৮। অফিস কপি।

২৩/১১/২০২১

মো: বাহারুল ইসলাম
উপপরিচালক (সংস্থাপন) অতি: দা: